

জানুয়ারী 5, 2026

আপনাদের সাথে অংশীদারিত্ব করছি

প্রিয় পরিবারবর্গ,

আমাদের সিস্টেমে একজন শিক্ষক, প্রিসিপাল, এবং সুপারিনেন্টেন্ডেন্ট হিসেবে দায়িত্ব পালনকারী একজন জীবনভর শিক্ষাবিদ হিসেবে, এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর দুজন শিক্ষার্থীর বাবা হিসেবে, আমি প্রত্যক্ষভাবে জানি যে আমাদের স্কুলগুলো হলো আমাদের কমিউনিটির প্রাণকেন্দ্র। তাদের সেরা রূপে, স্কুলগুলো হলো এমন একটি স্থান যেখানে আমাদের ছেলেমেয়েদের স্বত্ত্বে লালন করা হয়, সহায়তা দেয়া হয়, এবং বিকশিত হবার জন্য উৎসাহিত করা হয়। সেগুলো হলো এমন একটি স্থান যেখানে আপনারা - আমাদের পরিবারেরা - স্বাগত ও মূল্যায়িত হন, এবং যেখানে প্রতিদিন সুযোগ ও সম্ভাবনা বাস্তবে রূপান্তরিত হয়।

আমি আরও জানি যে একটি স্কুল সিস্টেম হিসেবে, আমাদের স্কুলগুলো প্রতিটি ক্লাসরুমে প্রতিটি শিক্ষার্থীর জন্য সেই প্রতিশ্রুতি পূরণ করতে পারে তা নিশ্চিত করতে আমাদের এখনও কাজ রয়ে গেছে। আমি বিনয়, সন্নির্বন্ধনা, ও সেই দায়বদ্ধতায় স্পষ্ট উপলব্ধি নিয়ে এই দায়িত্ব গ্রহণ করছি, এবং আপনাদের নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ চ্যাপেলের হিসেবে পরিষেবা দিতে পেরে আমি গভীরভাবে সম্মানিত বোধ করছি।

আমি বিশ্বাস করি যে শৈশবকালীন শিক্ষা থেকে গ্র্যাজুয়েশন পর্যন্ত আমাদের শিক্ষার্থীরা এমন স্কুল প্রাপ্ত যেগুলো নিরাপদ, শিক্ষায়তনিকভাবে কঠোর, এবং প্রকৃতপক্ষেই একীভূত। তাদের ছেলেমেয়েরা স্কুলের বিভিন্নয়ের অভ্যন্তরে ও বাহিরে নিরাপদ এবং যত্নপ্রাপ্ত, সেবিষয়ে পরিবারদের আত্মবিশ্বাসী অনুভব করা উচিত। তাদের জানা উচিত যে রিডিং (পড়া) দিয়ে শুরু করে তাদের ছেলেমেয়েরা মৌলিক বিষয়গুলো শিখছে এবং উচ্চ প্রত্যাশা, কঠোর শিক্ষা-নির্দেশনা, এবং তাদের প্রতি আস্থা রেখেছেন এমন শিক্ষকগণ দ্বারা পরিচালনার মাধ্যমে শিক্ষায়তনিকভাবে চ্যালেঞ্জ করা হচ্ছে। এবং সাংস্কৃতিক বোধগম্যতা ও শ্রদ্ধায় প্রোত্তৃত শেখার অভিজ্ঞতার মাধ্যমে আমাদের সিটির সমৃদ্ধ বৈচিত্র্যকে গ্রহণ করে নিউ ইয়র্ক সিটিকে যা যা বিশেষ করে তোলে সেগুলোর উপর তাদের ছেলেমেয়েদের স্কুল প্রতিফলন ঘটাবে, সেবিষয়ে তাদের প্রত্যাশা করতে পারা উচিত। প্রকৃত একীভূতকরণ বলতে আমরা এটাই বোঝাই।

এই স্বপ্ন অর্জনে পরিবারদের সাথে গভীর অংশীদারিত্বের আবশ্যক। বহু ক্ষেত্রে, আমাদের সিস্টেম ছেলেমেয়েদের শিক্ষায় আমাদের পরিবারদের অর্থবহুভাবে সম্পৃক্ত হওয়াকে যতটা উচিত তারচেয়ে বেশি কঠিন করে তুলেছে। আমি বিশ্বাস করি যে পিতামাতার মতামত প্রকাশ এবং পরিবারের অংশগ্রহণ অপরিহার্য, ঐচ্ছিক নয়। সাম্প্রতিক বছরগুলোতে আমরা কিছুটা অগ্রসর হলেও, আমাদের এই কাজকে তরান্বিত করার এবং পরিবারদেরকে ক্ষমতায়িত করা ও আমাদের স্কুল কমিউনিটিগুলোকে শক্তিশালী করার জন্য নতুন, আরও কার্যকর পদ্ধা আবিষ্কার করার প্রয়োজন।



সুতরাং, আমরা এই নতুন অধ্যায়ের সূচনার পথে, আমি আপনাদের কাছ থেকে শুনতে চাই, এবং আপনাদেরকে অংশীদার হিসেবে আমার সাথে যোগ দিতে আমন্ত্রণ জানাই। আপনাদের অন্তর্দৃষ্টি, অভিজ্ঞতা, এবং দৃষ্টিভঙ্গি জ্ঞাপন করার বিভিন্ন সুযোগ সম্পর্কে আমি শীঘ্রই আরও অনেক তথ্য শেয়ার করবো। আমাদের সামনে গুরুত্বপূর্ণ কাজ রয়েছে, এবং যখন পরিবার ও শিক্ষাবিদগণ আস্থা ও সহযোগিতার সাথে একযোগে কাজ করেন তখন ক্ষুলগুলো সবচেয়ে শক্তিশালী হয়ে গড়ে ওঠে।

অংশীদারিত্বে,

A handwritten signature in black ink, appearing to read 'Kamar H. Samuels'.

কামার এইচ. স্যামুয়েলস (Kamar H. Samuels), চ্যান্সেলর